

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, খুলনা
www.bkkb.khulnadiv.gov.bd

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা এর ২০২৫-২০২৬ অর্থবছরে সরকারি ও বোর্ডের নিবন্ধিত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত, অবসরপ্রাপ্ত এবং অক্ষম কর্মকর্তা-কর্মচারীদের নিজ ও তাঁদের পরিবারবর্গের ও মৃত কর্মকর্তা-কর্মচারীদের পরিবারবর্গের সাধারণ চিকিৎসা অনুদান বরাদ্দ উপকমিটির ৭ম সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ শাহীনুজ্জামান, পরিচালক (উপসচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, খুলনা।
স্থান : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সভা কক্ষ।
সভার তারিখ : ১৭-০২-২০২৬ খ্রি.
সময় : বেলা ১১.০০ টা
সভার উপস্থিতি : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভার শুরুতে সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপকমিটির সদস্য সচিব হিসেবে উপপরিচালক সভায় সাধারণ চিকিৎসা সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন।

আলোচ্য বিষয়: সাধারণ চিকিৎসা আবেদনপত্রসমূহের উপর বাছাই কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন।

আলোচনা ও সিদ্ধান্ত:

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা এর আওতাধীন সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত, অবসরপ্রাপ্ত এবং অক্ষম কর্মচারীর নিজ ও তাঁদের পরিবারবর্গের সাধারণ চিকিৎসা অনুদান বাবদ ২০২৫-২০২৬ অর্থবছরে জানুয়ারি-২০২৬ মাসে ৭৭৮ টি (নতুন ৭২৭ + আপত্তি নিষ্পত্তি ৫১ টি) আবেদনপত্র যাচাই বাছাইয়ের জন্য বাছাই কমিটির সভা গত ০২-০২-২০২৬ ও ০৩-০২-২০২৬ এবং ০৫-০২-২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। আবেদনকারীদের রোগের ধরণ, খরচের পরিমাণ ও আনুষঙ্গিক কাগজপত্র ইত্যাদি পর্যালোচনা করে বাছাই কমিটি ৭৭৮ টি আবেদনপত্রের মধ্য হতে ৬৮৮ টি আবেদনপত্র সঠিক আছে মর্মে অনুমোদনের জন্য এবং ৯০ টি আবেদনপত্র বিভিন্ন ত্রুটির কারণে অসম্পূর্ণ হিসেবে সুপারিশ করেন। বাছাই কমিটি ৬৮৮ টি আবেদনপত্রের অনুকূলে মোট = ১,০৭,২০,০০০/- (এক কোটি সাত লক্ষ বিশ হাজার মাত্র) টাকা মঞ্জুরীর সুপারিশ করেন। পরবর্তীতে উপকমিটিতে ডায়েরী নম্বর ৪০৬০০৩৮৭ এ ৫০০০/- টাকা ও ডায়েরী নম্বর ৪০২৬০০৩৯৯ এ ১২০০০/- টাকা মোট ১৭০০০/- টাকা বৃদ্ধি করায় ৬৮৮ টি আবেদনের অনুকূলে মোট = ১,০৭,৩৭,০০০/- (এক কোটি সাত লক্ষ সাইত্রিশ হাজার মাত্র) টাকা মঞ্জুরীর সুপারিশ করা হয়।



সিদ্ধান্ত: সাধারণ চিকিৎসা অনুদানের জন্য সুপারিশকৃত তালিকায় নামের পার্শ্বে বর্ণিত ৬৮৮ টি আবেদনপত্রের অনুকূলে মোট = ১,০৭,৩৭,০০০/- (এক কোটি সাত লক্ষ সাইত্রিশ হাজার মাত্র) টাকা (পরিশিষ্ট-খ) বরাদ্দের জন্য উপকমিটিতে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
(মোঃ শাহীনুজ্জামান)
পরিচালক (উপসচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, খুলনা
ও
সভাপতি
বিভাগীয় কার্যালয়ের (আঞ্চলিক) উপকমিটি, খুলনা।

নম্বর: ০৫.৮১.০০০০.০০৩.৩৩.০০১.১৯-৪০


তারিখ: ১৭-০২-২০২৬ খ্রি.

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

০১. মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩. পরিচালক (স্বাস্থ্য), খুলনা বিভাগ, খুলনা।
০৪. উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা।
০৫. অফিস নথি।



(মোঃ শাহীনুজ্জামান)
পরিচালক (উপসচিব)


১৭/০২/২৬